কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৯.০৬.০০১.১৬.৮৩

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ।
৩০ মে ২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ মাঠ পর্যায়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রকদের সমন্বয়ে অনুষ্ঠিত ৫ম ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর মাঠ পর্যায়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রকদের সমন্বয়ে বিগত ০৮ মে ২০১৮ তারিখে ৫ম ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. সভার কার্যবিবরণী বিএডিসি'র ওয়েব (www.badc.gov.bd) সাইটে পাওয়া যাবে।

৩০.০৫.১৮

মোঃ শাহিন মিয়া
উপসচিব (অঃ দাঃ)
সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।
ফোনঃ ৯৫৬৮১১৫।
e-mail: ds_coordination@badc.gov.bd

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত),বিএডিসি, ঢাকা।
০২. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৩. প্রধান (পরিকল্পনা/ মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৪. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৫. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃগ্রোঃ/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৬. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল), সেচভবন, মানিক মিয়া এভিনিউ, শেরেবাংলা নগর, ঢাকা।
০৭. যুগ্মসচিব (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
০৮. যুগ্মপরিচালক (ডাল ও তৈলবীজ/সবজি বীজ),বিএডিসি, ঢাকা।
০৯. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১০. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশু), বিএডিসি, ঢাকা।
১১. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১২. উপসচিব (আইন), বিএডিসি, ঢাকা।
১৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল), সেচভবন, মানিক মিয়া এভিনিউ, শেরেবাংলা নগর, ঢাকা।

১৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা),বিএডিসি (ঢাকা/সিলেট/ফরিদপুর/রংপুর/পাবনা/টাংগাইল/কিশোরগঞ্জ/ময়মনসিংহ/কুমিল্লা/বরিশাল/যশোর/বগুড়া/চট্টগ্রাম)।

১৫. আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি (ঢাকা/টাংগাইল/জামালপুর/ময়মনসিংহ/কিশোরগঞ্জ/ফরিদপুর/সিলেট/কুষ্টিয়া/চট্টগ্রাম/রাংগামাটি/কুমিল্লা/নোয়াখালী/রাজশাহী/বগুড়া/রংপুর/দিনাজপুর/খুলনা/যশোর/বরিশাল/পটুয়াখালী/পাবনা/চুয়াডাঙ্গা)।

১৬. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিংবিভাগ, বিএডিসি, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

০২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান/অর্থ/ক্ষুদ্রসেচ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

০৩. সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

০৪. অফিস কপি।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।
সমন্বয় বিভাগ
www.badc.gov.bd

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর মাঠ পর্যায়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রকদের সমন্বয়ে অনুষ্ঠিত ৫ম ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব মোঃ নাসিরুজ্জামান, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময়	:	০৮ মে ২০১৮ খ্রিস্টাব্দ; সকাল ১১:০০ ঘটিকা।
স্থান	:	সংস্থার সম্মেলন কক্ষ।
উপস্থিতি	:	পরিশিষ্ট – ক।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (সমন্বয়) বিগত ১৮ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৪র্থ ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর দৃঢ়ীকরণ করার জন্য উপস্থাপন করেন। উক্ত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। উপসচিব (সমন্বয়) বিগত ১৮ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৪র্থ ত্রৈমাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
০১.	বিএডিসি'র জনবল সংকট সংক্রান্ত।	নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে সভায় জানানো হয়, সংস্থার শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। চলমান নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলে মাঠ পর্যায়ে জনবল পদায়ন করা হবে। এছাড়া, নবযোগদানকৃত কর্মকর্তা/কর্মচারীদের মাঠ পর্যায়ে পদায়ন করা হচ্ছে। সভাপতি এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। চলমান নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলে সভাপতি মাঠ পর্যায়ে দ্রুত জনবল পদায়নের জন্য নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র মাঠ পর্যায়ে জনবল সংকট নিরসনে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।	নিয়োগ ও কল্যাণ বিভাগ, সংস্থাপন বিভাগ।
০২.	মাঠ পর্যায়ে বিএডিসি'র পরিবহন সংকট সংক্রান্ত।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, ৩০ জুন ২০১৭ তারিখে বিএডিসি'র ০৮টি প্রকল্প সমাপ্ত হয়েছে। সমাপ্ত প্রকল্পের মোট ২১টি গাড়ি মাঠ পর্যায়ে বরাদ্দ দেয়া হয়েছে। এছাড়া, জুন ২০১৮ মাসে সমাপ্ত প্রকল্পসমূহের গাড়ি মাঠ পর্যায়ে বরাদ্দ দেয়া হবে। সভাপতি বিএডিসি'র মাঠ পর্যায়ে পরিবহন সংকট নিরসনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সাধারণ পরিচর্যা বিভাগ ও সংশ্লিষ্ট উইংকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র মাঠ পর্যায়ের পরিবহন সংকট নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট উইং ও সাধারণ পরিচর্যা বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
০৩.	সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ব্যবহার করে "বিএডিসি ভাবনা" শীর্ষক গ্রুপে অর্ন্তভুক্ত সংক্রান্ত।	মনিটরিং বিভাগ হতে সভায় জানানো হয়, বিএডিসিতে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে ক্রমান্বয়ে 'বিএডিসি ভাবনা' শীর্ষক গ্রুপে অর্ন্তভুক্ত করার কার্যক্রম চলমান রয়েছে। ০৬ মে ২০১৮ তারিখ পর্যন্ত বিএডিসি ভাবনা এর সদস্য সংখ্যা ১৩৮৪। বিএডিসি'র সকল কর্মকর্তা/কর্মচারীকে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ব্যবহার করে "বিএডিসি ভাবনা" শীর্ষক গ্রুপে অন্তর্ভূক্ত হওয়ার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি ফেসবুক নীতিমালা যথাযথ অনুসরণের জন্য সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।	০১. বিএডিসি'তে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ব্যবহার করে "বিএডিসি ভাবনা" শীর্ষক গ্রুপে অর্ন্তভুক্ত হতে হবে। ০২. বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের ফেসবুক নীতিমালা যথাযথ অনুসরণ করতে হবে।	আইসিটি সেল, মনিটরিং বিভাগ/ সকল কর্মকর্তা ও কর্মচারী।
০৪.	বিএডিসি'র অকেজো ও পুরাতন গাড়ি নিলামে বিক্রি সংক্রান্ত।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, সংস্থার ১৫৬টি অকেজো গাড়ির মধ্যে এপ্রিল ২০১৮ পর্যন্ত মোট ১৩৫টি গাড়ি নিলামে বিক্রয় করা হয়েছে। অবশিষ্ট ২১ টি গাড়ি নিলামে বিক্রয়ের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি মহোদয় বিএডিসি'র সকল অকেজো/অচল গাড়ি নিলামে বিক্রি করার নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র সকল অকেজো/অচল গাড়ি নিলামে বিক্রি করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ ও সংশ্লিষ্ট বিভাগ।
০৫.	মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী দের ভ্রমণ ভাতা বৃদ্ধি সংক্রান্ত।	অর্থ বিভাগ হতে সভায় জানানো হয়, বাজেট স্থিতি থাকা সাপেক্ষে চাহিদা মাফিক বরাদ্দ প্রদান করা হবে। বিএডিসি'র কার্যক্রম সুষ্ঠুভাবে মনিটরিং এর নিমিত্ত সভাপতি মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ভ্রমণ ব্যয় খাতে বাজেট বৃদ্ধির জন্য অর্থ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র কার্যক্রম সুষ্ঠুভাবে মনিটরিং এর নিমিত্ত মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ভ্রমণ ব্যয় খাতে বাজেট বৃদ্ধি করতে হবে।	অর্থ বিভাগ।
০৬.	বিএডিসি'র জমিজমাও স্থাপনাসমূহ রক্ষার্থে নির্দেশিকা প্রণয়ন সংক্রান্ত।	সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে সভায় জানানো হয়, বিএডিসি'র জমিজমা ও স্থাপনাসমূহ রক্ষার্থে একটি নির্দেশিকা সংস্থার আইন বিভাগ ও সাধারণ পরিচর্যা বিভাগের মতামতসহ চূড়ান্ত করা হয়েছে। সভাপতি সচিব, বিএডিসিকে আহবায়ক এবং প্রতিটি উইং হতে একজন সদস্য (মহাব্যবস্থাপক সমপর্যায়) অর্ন্তভুক্ত করে একটি কমিটি গঠনপূর্বক বিএডিসি'র জমিজমা ও স্থাপনাসমূহ রক্ষার্থে নির্দেশিকা চূড়ান্তকরণের জন্য সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	নিষ্পন্ন।	-

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
০৭.	উদ্ভাবনী উদ্যোগের ধারণা প্রদান সংক্রান্ত।	সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে জানানো হয়, নাগরিকদের সেবা প্রদান সহজতর করার নিমিত্ত উদ্ভাবনী উদ্যোগের ধারণা প্রদানের জন্য বিএডিসি ভাবনায় একাধিকবার নোটিশ দেয়া হয়েছে। এ পর্যন্ত ৫টি উদ্ভাবনী উদ্যোগের ধারণা পাওয়া গেছে। অংশিজনের সাথে সভা/মতবিনিময় কার্যক্রমের আওতায় সভায় মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সাথে সংস্থার সেবা প্রদান ও দাপ্তরিক কর্মপরিবেশ উন্নয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উদ্ভাবনী উদ্যোগ ও সংস্থার সেবা/কর্মপরিবেশ উন্নয়নের বিষয়ে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে ধারণা প্রদান করা হয়। সভাপতি উদ্ভাবনী উদ্যোগের ওপর ধারণা প্রদানের জন্য মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি উদ্ভাবনী উদ্যোগের ধারণা innovationidea@badc.gov.bd এ ঠিকানায় পেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।	নাগরিকদের সেবা প্রদান সহজতর করার নিমিত্ত উদ্ভাবনী উদ্যোগের ওপর ধারণা প্রদান করতে হবে।	সকল কর্মকর্তা ও কর্মচারী।
০৮.	নাগরিক সেবায় মেন্ডেটরি কমপ্লায়েন্স অফ সার্ভিস সংক্রান্ত।	সভায় বিভিন্ন বিভাগ হতে জানানো হয়, সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা প্রদান করা হচ্ছে। সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা প্রদানের জন্য সকল কর্মকর্তা/কর্মচারীকে নির্দেশনা প্রদান করেন।	সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা সেবা গ্রহীতাদের প্রদান করতে হবে।	সকল কর্মকর্তা ও কর্মচারী।
০৯.	মাঠ পর্যায়ের অঞ্চলভিত্তিক সমন্বয় সভা সংক্রান্ত।	সভায় সমন্বয় বিভাগ হতে জানানো হয়, মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তার সভাপতিত্বে তিন মাস অন্তর অন্তর সমন্বয় সভা করা হচ্ছে। সভাপতি মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তার সভাপতিত্বে সকল অঞ্চলে সমন্বয় সভা করার নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে সংশ্লিষ্ট অঞ্চলের হিসাব নিয়ন্ত্রক সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।	মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তার সভাপতিত্বে তিন মাস অন্তর অন্তর সমন্বয় সভা করতে হবে। সংশ্লিষ্ট অঞ্চলের হিসাব নিয়ন্ত্রক সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।	যুগ্মপরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক (সকল)
১০.	বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী দের স্মার্ট আইডি কার্ড বিতরণ	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, মাঠ পর্যায়ে বীজ ও উদ্যান উইং এর আওতায় ২৩২ জন, ক্ষুদ্রসেচ উইং এর আওতায় ১২৭ জন, সার ব্যবস্থাপনা উইং এর আওতায় ৩৯ জন এবং	বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের স্মার্ট আইডি কার্ড বিতরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
	সংক্রান্ত।	প্রশাসন উইং এর আওতায় ১৪ জন মোট ৪১২ জন কর্মকর্তা/কর্মচারীকে স্মার্ট আইডি কার্ড বিতরণ করা হয়েছে। সভাপতি মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের স্মার্ট আইডি কার্ড বিতরণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সাধারণ পরিচর্যা বিভাগকে নির্দেশনা প্রদান করেন।		
১১.	মোবাইল এ্যাপস প্রণয়ন সংক্রান্ত।	সভায় সিটিজেন চার্টার অনুযায়ী বিএডিসি কর্তৃক সেবা প্রদান সহজীকরণের নিমিত্ত বিস্তারিত আলোচনা করা হয়। আইসিটি সেল, মনিটারং বিভাগ হতে জানানো হয়েছে, মোবাইল এ্যাপস প্রণয়নের কাজ চলমান রয়েছে। বিগত ১৭ এপ্রিল ২০১৮ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় মোবাইল এ্যাপস এর ডামি উপস্থাপন করা হয়েছে। সভাপতি নাগরিকদের সেবা প্রদান সহজতর করার নিমিত্ত মোবাইল এ্যাপস প্রণয়ন এর বিষয়ে আইসিটি সেল, মনিটরিং বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	০১. মোবাইল এ্যাপস প্রণয়নের জন্য বিএডিসি বীজ, সার ও ক্ষুদ্রসেচ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি আইসিটি সেল, মনিটরিং বিভাগে প্রেরণ করতে হবে। ০২. নাগরিকদের সেবা প্রদান সহজতর করার নিমিত্ত মোবাইল এ্যাপস প্রণয়ন করতে হবে।	মহাব্যবস্থাপক (বীজ/সার/উদ্যান/এ এসসি/পাটবীজ), প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা/নির্মাণ),আইসিটি সেল, মনিটরিং বিভাগ।
১২.	বিএডিসি'র কর্পোরেট সীমের বিল পরিশোধ সংক্রান্ত।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, এ বিষয়ে কার্যপত্র প্রস্তুত করা হয়েছে। পরবর্তী সাধারণ পর্ষদ সভায় বিষয়টি উপস্থাপন করা হবে। বিএডিসি'র কর্পোরেট সীমের বিল সংস্থার ডাক, তার ও টেলিফোন বিল খাত হতে পরিশোধ করা যায় কীনা সে বিষয়ে প্রস্তাব পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের জন্য সভাপতি সাধারণ পরিচর্যা বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র কর্পোরেট সীমের বিল সংস্থার ডাক, তার ও টেলিফোন বিল খাত হতে পরিশোধ করার প্রস্তাব পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ ।

বিবিধঃ

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
০১.	বিএডিসি'র পুনঃঅঙ্কিত লোগো ব্যবহার সংক্রান্ত।	সভায় বিএডিসি'র পুনঃঅঙ্কিত লোগো ব্যবহারের বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি দাপ্তরিক কাজে বিএডিসি'র পুনঃঅঙ্কিত লোগো ব্যবহারের জন্য মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন।	দাপ্তরিক কাজে ও অন্যান্য বিষয়ে বিএডিসি'র পুনঃঅঙ্কিত লোগো ব্যবহার নিশ্চিত করতে হবে।	সকল দপ্তর/বিভাগ
০২.	বিএডিসি কর্তৃক বৃক্ষ রোপন উৎসব পালন সংক্রান্ত।	সভাপতি মহোদয় বিএডিসি কর্তৃক বৃক্ষ রোপন উৎসব পালনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন। উপস্থিত সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন। সভাপতি	বিএডিসি কর্তৃক বৃক্ষ রোপন উৎসব পালনের নিমিত্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল বিভাগ/কমিটি/ মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
		বিএডিসি কর্তৃক আগামী ০৫ জুন ২০১৮ তারিখ একই সময়ে একই রকম গাছ লাগানোর বিষয়ে মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাগণ ও সংশ্লিষ্ট কমিটিকে নির্দেশনা প্রদান করেন।		
০৩.	এলপিসি বিতরণ সংক্রান্ত।	সভায় আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের এলপিসি, সংশ্লিষ্ট আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক এর কার্যালয় হতে সরবাহের জন্য প্রস্তাব করেন। সভাপতি এবং উপস্থিত সদস্যগণ উক্ত প্রস্তাব সর্মথন করেন। সভাপতি বিএডিসি কর্মকর্তা/কর্মচারীদের এলপিসি, সংশ্লিষ্ট আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক এর কার্যালয় হতে সরবরাহের জন্য সভায় সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের এলপিসি, সংশ্লিষ্ট আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক এর কার্যালয় হতে সরবরাহ করতে হবে । এ বিষয়ে একটি অফিস আদেশ জারি করতে হবে।	সওব্য বিভাগ, সকল বিভাগ/দপ্তর, আহিনি (সকল)
০৪.	মাঠ পর্যায়ে কৃষি সমাচার বিতরণ সংক্রান্ত।	সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রংপুর), বিএডিসি'র দ্বি-মাসিক অভ্যন্তরীণ মুখপত্র, কৃষি সমাচার মাঠ পর্যায়ে কৃষি সংশ্লিষ্ট সকল অফিস ও জেলা গ্রন্থাগারসমূহে বিতরণের জন্য প্রস্তাব করেন। সভাপতি এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জনসংযোগ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র দ্বি-মাসিক অভ্যন্তরীণ মুখপত্র, কৃষি সমাচার মাঠ পর্যায়ে কৃষি সংশ্লিষ্ট সকল অফিস ও জেলা গ্রন্থাগারসমূহে প্রেরণ করতে হবে।	জনসংযোগ বিভাগ।
০৫.	বিএডিসি'র কর্মচারীদের পোষাক পরিচ্ছেদ সমতা বিধান সংক্রান্ত।	সভায় প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি'র সকল উইং এর কর্মচারীদের পোষাক পরিচ্ছেদের সমতা বিধানের বিষয়ে গুরত্বারোপ করেন। উপস্থিত মাঠ পর্যায়ের কর্মকতাগণ এ বিষয়ে একমত পোষণ করেন। সভাপতি এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র সকল উইং এর কর্মচারীদের পোষাক পরিচ্ছেদের সমতা বিধানের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ, অর্থ বিভাগ, আহিনি (সকল) ।

০২. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/০৫/১৮

মোঃ নাসিরুজ্জামান
চেয়ারম্যান, বিএডিসি
ও
সভাপতি
মাঠ পর্যায়ের সমন্বয় সভা।